

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা
(www.erd.gov.bd)

স্মারক নং-০৯.০০.০০০০.০৭৩.১৮.০০২.১৭/৫০৫

তারিখঃ ১৬/০৩/২০১৭ খ্রিঃ

বিজ্ঞপ্তি

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ বিভাগের এখতিয়ারভুক্ত “সি-২” শ্রেণির ২টি বাসা খালি হওয়ার সম্ভাবনা রয়েছে। উক্ত ২টি বাসা খালি হওয়া সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত ফরমে আগামী ২৩ মার্চ, ২০১৭ তারিখ বিকাল-৫:০০ ঘটিকার মধ্যে দরখাস্ত এ বিভাগের প্রশাসন-২ শাখা বরাবর সংশ্লিষ্ট শাখা ও অধিশাখা প্রধানের সুপারিশসহকারে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

- (ক) সি-২ শ্রেণির বাসা বরাদ্দের জন্য এ বিভাগের প্রাধিকারপ্রাপ্ত ২য় ও ৩য় শ্রেণির কর্মকর্তা/কর্মচারি (বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ অনুযায়ী)
- (খ) আবেদনকারির আবেদনে তাঁদের মূল বেতন, জন্ম তারিখ, চাকরিতে যোগদানের তারিখ, অবসর গ্রহণের তারিখ এবং ঢাকার নিজস্ব বাড়ি ঘরের অবস্থান ইত্যাদির পূর্ণ তথ্যাদি উল্লেখ থাকতে হবে;
- (গ) আগ্রহী কর্মকর্তা ও কর্মচারীদের প্রশাসন-২ শাখা থেকে আবেদন ফরম সংগ্রহপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে উক্ত শাখায় জমা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

MseeHana
১৬/০৩/১৭
(মার্জিয়া সুলতানা)
সহকারী প্রধান
ফোনঃ ৯১১৯৭১৯

বিতরণঃ

- ১। অনুবিভাগ প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ২। যুগ্ম-সচিব/যুগ্ম-প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৩। উপ-সচিব/উপ-প্রধান (সকল), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (সকল শাখা কর্মকর্তার মাধ্যমে ব্যাপক প্রচারের অনুরোধ জানিয়ে)
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৫। সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। সংশ্লিষ্ট নথি।